



মুজিববর্ষের অঙ্গীকার
সুরক্ষিত হবে মানবাধিকার



জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
পিএবিএস নম্বর: ৫৫০১৩৭২৬২৮; ফেস্ট নম্বর: ১৬১০৮
ওয়েবসাইট: www.nhrc.org.bd, ই-মেইল: info@nhrc.org.bd

জাতীয় মানবাধিকার কমিশন
আদেশ নামা
অভিযোগ নং-সুয়োমটো ঢ.১৮/২১

ক্রমিক নং	তারিখ		মন্তব্য
০১	২১/০৬/২০২১	<p>গত ২০ জুন ২০২১ তারিখ দৈনিক সমকাল পত্রিকায় 'বাবার দাবি সংঘবন্ধ ধর্ষণ, পুলিশ নিল ধর্ষণচেষ্টার মামলা' শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে।</p> <p>প্রকাশিত প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, কিশোরগঞ্জের কটিয়াদীর বৈরাগীরচর গ্রামের এক কিশোরীকে (১৫) একই গ্রামের দুই যুবক কর্তৃক ধর্ষণের অভিযোগ উঠেছে। ভুঙ্গভোগী ওই কিশোরী একই গ্রামের পার্শ্ববর্তী এক বাড়ি থেকে দুধ আনতে গেলে একই গ্রামের ফরিদ মুস্তির ছেলে কাসেম ও মজলু মিয়ার ছেলে সোহেল তাকে জোর করে পাটক্ষেতে নিয়ে ধর্ষণ করে। তার চিৎকারে লোকজন এগিয়ে এলে যুবকরা পালিয়ে যায়। এ ঘটনায় কিশোরীর বাবা থানায় গিয়ে ধর্ষণের বিচার চাইলে পুলিশ ধর্ষণের চেষ্টা উল্লেখ করে একটি অভিযোগ লিখে এনে স্বাক্ষর দিতে বলে। মামলার বাদী অভিযোগ করে বলেন, মেয়েকে ধর্ষণ করা হয়েছে। একটি প্রভাবশালী মহল ঘটনাকে ধামাচাপা দেওয়ার চেষ্টায় লিপ্ত আছে। তিনি ঘটনার সুষ্ঠু বিচার দাবি করেছেন।</p> <p>ঘটনার বিষয়ে ডিকটিমের ডাঙ্কারী পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কী না? ডাঙ্কারী পরীক্ষা করা না হলে কেন করা হয়নি সে বিষয়ে প্রতিবেদন প্রেরণের জন্য পুলিশ সুপার, কিশোরগঞ্জ-কে বলা হল।</p> <p>পরবর্তী তারিখ ২৭/০৭/২০২১ প্রতিবেদনের জন্য।</p> <p style="text-align: right;">স্বাক্ষরিত/- নাছিমা বেগম, এনডিসি চেয়ারম্যান জাতীয় মানবাধিকার কমিশন</p>	

স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/সুয়োমটো ঢ.১৮/২১-২২৬৮

তারিখ: ২১/০৬/২০২১

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

পুলিশ সুপার, কিশোরগঞ্জ।

সংযুক্তঃ ফর্দ।

(সুজানতুল পাহারক)
উপপরিচালক
ফোনঃ-০২-৫৫০১৩৭২১

সমকাল

কটিয়াদী

বাবার দাবি সংঘবন্ধ ধর্ষণ, পুলিশ নিল ধর্ষণচেষ্টার মামলা

২০ জুন ২০২১

কটিয়াদী (কিশোরগঞ্জ) প্রতিনিধি

কিশোরগঞ্জের কটিয়াদীতে বৈরাগীরচর গ্রামের এক কিশোরীকে (১৫) একই গ্রামের দুই যুবকের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ উঠেছে। ভুক্তভোগীর বাবা বাদী হয়ে বৃহস্পতিবার রাতে কটিয়াদী মডেল থানায় মামলা করেছেন। পুলিশ মামলাটিকে ধর্ষণের চেষ্টা উল্লেখ করে রেকর্ড করে। বাদীর দাবি, তার মেয়েকে সংঘবন্ধ ধর্ষণ করা হয়েছে।

জানা যায়, বুধবার সন্ধ্যায় ওই কিশোরী একই গ্রামের পার্শ্ববর্তী এক বাড়ি থেকে দুধ আনতে গেলে একই গ্রামের ফরিদ মুন্সির ছেলে কাসেম (২২) ও মজলু মিয়ার ছেলে সোহেল (২৩) তাকে জোর করে পাটক্ষেতে নিয়ে ধর্ষণ করে। তার চিৎকারে লোকজন এগিয়ে এলে যুবকরা পালিয়ে যায়। এ ঘটনায় কিশোরীর বাবা থানায় গিয়ে ধর্ষণের বিচার চাইলে পুলিশ ধর্ষণের চেষ্টা উল্লেখ করে একটি অভিযোগ লিখে এনে স্বাক্ষর দিতে বলে। মামলার বাদী অভিযোগ করে বলেন, আমার মেয়েকে ধর্ষণ করা হয়েছে। একটি প্রভাবশালী মহল ঘটনাকে ধামাচাপা দেওয়ার চেষ্টায় লিপ্ত আছে। আমি ঘটনার সুষ্ঠু বিচার দাবি করছি।

স্থানীয় মেম্বার পল্লব মিয়া বলেন, আপসের জন্য চেষ্টা করে দু'পক্ষকেই একত্র করার চেষ্টা করেছি। কিন্তু কিশোরীর বাবা আপসে রাজি না হয়ে থানায় মামলা করেন।

বাংলাদেশ মহিলা পরিষদ, কিশোরগঞ্জ জেলা শাখার সভানেত্রী অ্যাডভোকেট মায়া ভৌমিক বলেন, যেহেতু কিশোরীর বাবা অভিযোগ করে বলছেন তার মেয়ে ধর্ষণের শিকার হয়েছে, কাজেই সঠিক তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণ করা উচিত। ধর্ষণ বা ধর্ষণচেষ্টার মামলা আপসযোগ্য নয়। আমি বিষয়টি গুরুত্বসহকারে তদন্ত করার জন্য পুলিশ সুপারের কাছে অনুরোধ করছি।

এ ব্যাপারে কটিয়াদী মডেল থানার ওসি (তদন্ত) শফিকুল ইসলাম বলেন, মেয়েটির দেওয়া এজাহার অনুযায়ী মামলা রেকর্ড করা হয়েছে। এখন তদন্ত হবে। তদন্তে ধর্ষণের আলামত পেলে মামলাটি ধর্ষণ মামলা হিসেবে বিচারের আওতায় আসবে।

© সমকাল ২০০৫ - ২০২১

ভারপ্রাণ সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ | ই-মেইল: samakalad@gmail.com